তারিখ 08 FEB 2016
পৃষ্ঠা ২ কলাম ৬

আমাদের সময়

# ইংরেজি স্পিকিং ও লিসেনিং শিখতে সহায়তা দেবে ব্রিটিশ কাউন্সিল

নিজস্ব প্রতিবেদক ● মাধ্যমিক স্তরের সব স্কুল ও মাদ্রাসার শিক্ষার্থীদের ইংরেজি বলা (স্পিকিং) এবং শুনে বোঝার (লিসেনিং) দক্ষতা বৃদ্ধিতে সহায়তা দেবে ব্রিটিশ কাউন্সিল। সচিবালয়ে রোববার এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় ও ব্রিটিশ কাউন্সিলের মধ্যে একটি সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষরিত হয়। এতে স্বাক্ষর করেন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব চৌধুরী মুফাদ আহমদ ও ব্রিটিশ কাউন্সিলের পরিচালক বারবারা উইকহাম। এ সময় উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।